দৈনিক সংবাদ

তারিখ ... AUG. 4 ... 19.. ...
পৃষ্ঠা 7 কলাম ...

এসএসসি পরীক্ষা হবে ২রা মার্চ

# এইচএসসির ফল প্রকাশিত হবে ১৯শে আগস্ট

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী বছর ২রা মার্চ ৫টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হবে। চলতি বছরে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে ১৯শে আগস্ট।

গত সপ্তাহে অনুষ্ঠিত ঢাকা, যশোর, কুমিল্লা, রাজশাহী ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকদের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সূত্র জানায়, এসএসসি পরীক্ষার ব্যাপক

এইচএসসি ঃ পৃঃ ৭ কঃ ১

## এইচএসসি ঃ পরীক্ষার ফল

(১ম পৃষ্ঠার পর)

প্রস্তুতির জন্যেই ৭ মাস আগে এসএসসি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়। বৈঠকে খুব সংক্ষিপ্ত সময়ের মধ্যে পরীক্ষা শেষ করার সিদ্ধান্ত হয়েছে। ২রা মার্চ শুরু হয়ে মাত্র ১৫ দিনের মধ্যে অর্থাৎ–১৬ই মার্চ পরীক্ষা শেষ হবে। পরীক্ষায় নকল প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। এর মধ্যে একটি হচ্ছে প্রশ্নপত্র জটিল ও ব্যাখ্যামূলক করা হবে। বৈঠকে চলতি বছর অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার ফলাফল ১৯শে আগস্ট ঘোষণা করার সিদ্ধান্ত হয়। গত মে মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক নির্দেশ দিয়েছেন, এখন থেকে সব সময় পরীক্ষার ফলাফল ৩ মাসের মধ্যে প্রকাশ করতে হবে। পরীক্ষার তারিখ অন্তত ৬ মাস আগে জানিয়ে দিতে হবে।